

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কবরপূজা কি ইসলামের শরীয়ত সমর্থিত?

না। কবরপূজা, আস্তানাপূজা ইত্যাদি ইসলামে কোন পূজা নেই। ইসলামে আছে ইবাদত। আর তা কেবলমাত্র মহান আল্লাহ্র জন্য। কবরপূজা মূর্তিপূজার শামিল। কবরকে কেন্দ্র ক'রে তাওয়াফ করা, নযর বা মানত মানা, কবরকে সিজদা করা, কবরবাসীর কাছে কামনা বা প্রার্থনা করা ইত্যাদি শিরকে আকবর। এমন কাজে মুসলিম ইসলাম থেকে খারিজ হয়ে যায়। কবরকে উঁচু করা, কবর বাঁধানো, রং করা, তার উপর চাদর চড়ানো, তার উপর ঘর বা গম্ভুজ নির্মাণ করা, কবরের পাশে বাতি বা ধুপধুনো দেওয়া, উরস করা ইত্যাদিতেও ইসলামের অনুমোদন নেই। (৮)

ফুটনোট

(৮) (বিস্তারিত তাওহীদের পুস্তাকাবলীতে দ্রষ্টব্য)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন